



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

## সেনবাগ সরকারি কলেজ

সেনবাগ, নোয়াখালী।

www.senbagcollege.gov.bd E-mail- [senbaggovt.college@yahoo.com](mailto:senbaggovt.college@yahoo.com), Mobile: 01754640463



স্মারক নং : সে/স/ক/২২৬/২০২১

তারিখ : ০৩/১০/২০২১

### ডিগ্রি (পাস) কোর্স ১ম বর্ষের ইনকোর্স পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, করোনা দুর্যোগের মধ্যে ডিগ্রি (পাস) পর্যায়ের শ্রেণি কার্যক্রম ও সরাসরি পরীক্ষা গ্রহণ বন্ধ থাকায় সেনবাগ সরকারি কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ডিগ্রি ১ম বর্ষের ভর্তিকৃত শিক্ষার্থীদের ইনকোর্স পরীক্ষা অ্যাসাইনমেন্টের মাধ্যমে অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে আগামী ০৬/১০/২০২১ খ্রি. থেকে ০৯/১০/২০২১ খ্রি. এর মধ্যে নিম্নোক্ত নির্দেশিকার আলোকে অ্যাসাইনমেন্ট জমা দিতে হবে।

মানবন্টন:

আবশ্যিক বিষয় সমূহ (সকল গ্রুপ) ২০ নম্বর	গ্রুপভিত্তিক বিষয় (২০ নম্বর)
ক) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস- ১৫ খ) অর্থনীতি ১ম পত্র -১৫ গ) অর্থনীতি ২য় পত্র -১৫	বিএসএস: রাষ্ট্রবিজ্ঞান ১ম পত্র-১৫, রাষ্ট্রবিজ্ঞান ২য় পত্র-১৫, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র-১৫, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র-১৫ বিবিএস: হিসাববিজ্ঞান ১ম পত্র-১৫, হিসাববিজ্ঞান ২য় পত্র-১৫, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র-১৫, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র-১৫
ইনকোর্স পরীক্ষার অবশিষ্ট ০৫ নম্বর উপস্থিতি ও শৃঙ্খলার ভিত্তিতে প্রদান করা হবে।	

নির্দেশিকা:

- ১। অ্যাসাইনমেন্টের প্রশ্নাবলী কলেজ নোটিশ বোর্ড, ওয়েবসাইট(<http://www.senbagcollege.gov.bd/>) এবং ফেইসবুক গ্রুপে (**Senbag govt college online class**) দেওয়া হবে আগামী ০৪/১০/২০২১ খ্রি. তারিখে।
  - ২। প্রত্যেক বিষয়ের জন্য আলাদা আলাদা খাতায় অ্যাসাইনমেন্ট লিখে যথাযথ সময়ে স্বাস্থ্যবিধি মেনে কলেজের নির্দিষ্ট বুথে জমা দিতে হবে।
  - ৩। প্রত্যেক বিষয়ের খাতা জমা দেওয়া বাধ্যতামূলক।
  - ৪। অ্যাসাইনমেন্ট মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর ডিগ্রি (পাস) ১ম বর্ষের শিক্ষার্থীদের ইনকোর্স নম্বর হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয়ে পাঠানো হবে।
  - ৫। অ্যাসাইনমেন্ট অবশ্যই আগামী ০৬/১০/২০২১ খ্রি. থেকে ০৯/১০/২০২১ খ্রি. এর মধ্যে অবশ্যই জমা দিতে হবে।
- উল্লেখ্য অ্যাসাইনমেন্টের উপর স্পষ্ট করে নাম, শ্রেণি, রোল, রেজিস্ট্রেশন নম্বর, বিভাগ, বিষয় উল্লেখ করতে হবে। প্রত্যেক শিক্ষার্থীর অ্যাসাইনমেন্ট জমা দেওয়া বাধ্যতামূলক।

  
অধ্যক্ষ

সেনবাগ সরকারি কলেজ  
সেনবাগ, নোয়াখালী

  
আহবায়ক

ডিগ্রি (পাস) কোর্স পরীক্ষা কমিটি ২০২১  
সেনবাগ সরকারি কলেজ  
সেনবাগ, নোয়াখালী